অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/17/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 2022 এর গ্যাবে স্কলারশিপ প্রোগ্রামের জন্য আবেদন করা শুরু হওয়ার ঘোষণা করেছেন

পাঁচজন দৃষ্টান্তস্তমূলক ছাত্রদের নির্বাচন করা হবে স্কলারশিপ প্রোগ্রামটির জন্য

আগ্রহী আবেদনকারীদের এখানে আবেদন করা উচিত

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের স্টেট ইউনিভার্সিটি (State University of New York) এখন কেরি গ্যাবে মেমোরিয়াল স্কলারশিপের (Carey Gabay Memorial Scholarship) 2022 সালের আবেদন গ্রহণ করছে। স্কলারশিপটি ক্যারি গ্যাবেকে সম্মানিত করে, যিনি ছিলেন একজন অ্যাটর্নি এবং সরকারি কর্মচারী, তিনি 2015 সালে বন্দুক সংক্রান্ত সহিংসতার শিকার হয়েছিলেন মারা গেছিলেন। এই প্রোগ্রামটি পাঁচজন আগত নিউ ইয়র্কের স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) ছাত্রদের সম্পূর্ণ বৃত্তি প্রদান করে যারা সামাজিক ন্যায়, নেতৃত্ব এবং পরামর্শদানের প্রতি গ্যাবের প্রতিশ্রুতির দৃষ্টান্তস্বরূপ, সেই সাথে তার শিক্ষাগত সাফল্যের ব্যক্তিগত কাহিনী এবং তার অর্থনৈতিক-অসুবিধাপূর্ণ পটভূমিকে অতিক্রম করেছে।

"ক্যারি গ্যাবে আমাদের মধ্যে সেরাদের প্রতিনিধিত্ব করেছেন এবং এই বৃত্তির সাথে, ন্যায়ের প্রতি তার আত্মোত্সর্গ টিকে আছে," **গভর্নর হোকল বলেন।** "যে ছাত্রছাত্রীরা কেরি গ্যাবে মেমোরিয়াল স্কলারশিপ প্রদান করা হয়েছে তাদের কাছে তার নামকে সম্মান করার এবং আমাদের রাজ্যকে আরও ন্যায্য এবং সমতাপূর্ণ ভবিষ্যতের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার মাধ্যমে তার উত্তরাধিকার অব্যাহত রাখার সুযোগ রয়েছে এবং আমি একটি ভাল নিউ ইয়র্ক তৈরি করতে প্রতিশ্রুতিবদ্ধ সবাইকে আবেদন করার জন্য উৎসাহিত করি।"

SUNY অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরা এফ স্ট্যানলি বলেন, "কেরি গ্যাবে মেমোরিয়াল স্কলারশিপ পাঁচজন শিক্ষার্থীর জন্য উচ্চ-স্তরের শিক্ষা গ্রহণের একটি সুযোগের চেয়েও বেশি কিছু, এটি একটি অনুস্মারক হিসাবেও কাজ করে যে তার সক্রিয়তা SUNY শিক্ষার্থীদের অনুপ্রাণিত করে যারা আমাদের ভবিষ্যতের পরিবর্তনকারী এবং সামাজিক ন্যায়ের ক্ষেত্রে নেতা হিসাবে তার পদচিহ্নে হাঁটবে। ইক্যুইটি এবং অর্থনৈতিক গতিশীলতার মাধ্যম হিসেবে উচ্চ শিক্ষার প্রতি তাঁর ব্যক্তিগত প্রতিশ্রুতির জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই এবং

আমরা আমাদের সম্মানিত ক্যাম্পাসগুলিতে পাঁচটি নতুন উজ্জ্বল মনকে স্বাগত জানাতে, তাদের টুলে ধরার জন্য অপেক্ষায় রয়েছি যাতে তারা তাদের স্বপ্ন পূরণ করতে পারে।"

কেরি গ্যাবে ফাউন্ডেশনের (Carey Gabay Foundation) প্রতিষ্ঠাতা ট্রেনেল গ্যাবে বলেছেন, "ক্যারিকে আমাদের কাছ থেকে খুব তাড়াতাড়ি নিয়ে যাওয়া হয়েছে, কিন্তু ট্র্যাজেডি থেকে নিউ ইয়র্কের ছাত্রদের একটি উজ্জ্বল ভবিষ্যতের দিকে নিয়ে যাওয়ার সুযোগ এসেছে। যে ন্যায্যতা এবং ন্যায়বিচারের প্রতিভূ ছিলেন কেরি তা এই স্কলারশিপের মাধ্যমে এবং কেরি গ্যাবে ফাউন্ডেশনের মাধ্যমে বেঁচে রয়েছে, যা অনেক সময় উপেক্ষিত সুবিধাবঞ্চিত যুবকদের-যুবতীদের পরামর্শ দেওয়ার জন্য কাজ করে। কেরির উত্তরাধিকারকে বাঁচিয়ে রাখার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই এবং এই বছরের প্রাপকদের ঘোষণা করার জন্য উন্মুখ।"

গ্যাবে পাবলিক আবাসনে বসবাস করে এবং ব্রঙ্কসের পাবলিক স্কুলে পড়াশোনা করে বড় হয়েছিলেন। একটি সফল হাই স্কুল কর্মজীবনের পরে, তিনি হার্ভার্ড বিশ্ববিদ্যালয় (Harvard University) এবং হার্ভার্ড ল্য স্কুল (Harvard Law School) থেকে স্নাতক হন। জনসাধারণের সেবার প্রতি এবং তার আশেপাশের মানুষদের প্রতিদান দেওয়ার প্রতি তাঁর দীর্ঘস্থায়ী অঙ্গীকারবদ্ধতা ছিল, এবং হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে থাকার সময় তিনি স্নাতক স্তরের ছাত্র সংগঠনের সভাপতি হয়েছিলেন। তার কর্মজীবনে, তিনি 2011 সালে প্রাক্তন গভর্নরের সহকারী কাউন্সেল এবং পরে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশনের (Empire State Development Corporation) প্রথম ডেপুটি কাউন্সেল হিসাবে জনসেবায় অক্লান্ত পরিশ্রম করেছিলেন।

ক্যারি গ্যাবে মেমোরিয়াল স্কলারশিপ 2022-23 স্কুল বছরে শুরু হওয়া চার বছরের SUNY কলেজগুলিতে যোগদানের জন্য পাঁচজন শিক্ষার্থীকে আরো একবার সম্পূর্ণ বৃত্তি প্রদান করবে। এই বৃত্তি টিউশন, ঘর এবং বোর্ড, কলেজ ফি, বই এবং জিনিসপত্রের, এবং পরিবহন ও ব্যক্তিগত খরচ সহ উপস্থিতির সব খরচ বহন করবে। স্কলারশিপ প্রাপকরা একটি মেন্টরিং প্রোগ্রামে অংশগ্রহণ করবে। আবেদনগুলি এখানে উপলব্ধ এবং সেগুলি জুন 30, 2022 এর মধ্যে প্রদেয়।

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

SUNY হলো যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম বিস্তৃত ব্যবস্থা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY-র 64টি কলেজ এবং ইউনিভার্সিটির যেকোনো একটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো স্টেটে, SUNY-র চারটি একাডেমিক স্বাস্থ্যকেন্দ্র, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি আইন স্কুল, স্টেটের একমাত্র অপ্টোমেট্রি রয়েছে, এবং এটি একটি মার্কিন এনার্জি ডিপার্টমেন্টের জাতীয় গবেষণাগার (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। মোট, SUNY তার ক্রেডিট এবং নন-ক্রেডিট বহনকারী কোর্স এবং প্রোগ্রাম, অব্যাহত শিক্ষা, এবং কমিউনিটি আউটরিচ প্রোগ্রামগুলির সম্পূর্ণ পোর্টফোলিওর মধ্যে আনুমানিক 1.3 মিলিয়ন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2021 অর্থবছরে গবেষণা ব্যয় ছিলো প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও ফ্যাকাল্টির উল্লেখযোগ্য অবদান ছিলো। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কিভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে, www.suny.edu এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন